# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 08-06-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। সপ্তাহ দুয়েকের অধিবেশনে সরকার এবং বিরোধীদের তরফে একাধিক প্রস্তাব আনার পরিকল্পনা।

২) সর্বদলীয় প্রতিনিধি দলের সদস্য শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে বিভিন্ন দেশ ভারতের পাশে রয়েছে। গতকালই জার্মানি সফর শেষ করেছেন তারা।

৩) তৃণমূল কংগ্রেস বাংলাদেশী ও রোহিঙ্গাদের অনুপ্রবেশ করিয়ে রাজ্যের জনবিন্যাস পাল্টে দিতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৪) ইউজিসি নেট পরীক্ষা শুরু হচ্ছে আগামী ২৫ শে জুন।

৫) কলকাতায় মদ্যপ ফুটপাতবাসীর ছুরিকাঘাতে গুরুতর আহত এক এএসআই এবং এক কনস্টেবল।

৬) স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হওয়ায় দক্ষিণবঙ্গের কিছু জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। তবে কলকাতা সহ আশপাশের এলাকায় বাড়বে তাপমাত্রা।

---

রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। প্রথামাফিক সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দ্যেশে শোক প্রস্তাব পাঠের মধ্যে দিয়ে প্রথম দিনের অধিবেশন মুলতুবি হয়ে যাবে। পর দিন, মঙ্গলবার থেকে পুরদস্তুর অধিবেশন চলবে। অপারেশন সিন্দুরের সাফল্যের জন্য ভারতীয় সেনাবাহিনীকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে, ওইদিন একটি প্রস্তাবের ওপর বিধানসভায় আলোচনা হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও ওই আলোচনায় অংশ নিতে পারেন। সরকারি ঐ প্রস্তাবের ওপর আলোচনায় বিজেপিও অংশ নেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

পরবর্তী দুদিন প্রশ্নোত্তর পর্ব, জিরো আওয়ার, উল্লেখ পর্বের পাশাপাশি, বিধানসভার বিভিন্ন স্থায়ী কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা হবে বলে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়েছে। এছাড়াও এবারের সপ্তাহ দুয়েকের অধিবেশনে বিধানসভায় পাস হওয়া বিল সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যপালকে নির্দিষ্ট সময় সীমা বেঁধে দেওয়া সংক্রান্ত একটি প্রস্তাব আনা হতে পারে। বিরোধীদের তরফেও মুর্শিদাবাদ, মালদায় সাম্প্রতিক সংঘর্ষের ঘটনার নিন্দা করে একটি প্রস্তাব আনার পরিকল্পনা রয়েছে।

---------------------

সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় অবস্থান এবং অপারেশন সিন্দুরের সাফল্য বিশ্ব মঞ্চে তুলে ধরতে গঠিত সংসদীয় প্রতিনিধি দলের মধ্যে বিজেপি সংসদ রবি শঙ্কর প্রসাদের নেতৃত্বাধীন দলের সদস্য শমীক ভট্টাচার্য জানিয়েছেন, যে ছয়টি রাষ্ট্র তাঁরা সফর করেছেন, প্রত্যেকটি দেশই সন্ত্রাসবাদের তীব্র নিন্দা করে, এর বিরুদ্ধে ভারতের লড়াইয়ে পাশে থাকার আশ্বাস দিয়েছে। গতকাল জার্মানির বার্লিনে সাংবাদিকদের তিনি

বলেন, ওইসব দেশে বসবাসকারী প্রবাসী ভারতীয়রা বিপুল উৎসাহে দেশের পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন।

(বাইট)

এর আগে এক প্রবাসী ভারতীয়দের এক আলোচনা সভায় নেতাজি সুভাষ চন্দ্র বসুর প্রসঙ্গ উত্থাপন করে তিনি বলেন, দেশবাসী অখণ্ড ভারত চায়, শান্তি ও সমৃদ্ধি চায়।

উল্লেখ্য, বিজেপি সাংসদ রবি শঙ্কর প্রসাদের নেতৃত্বাধীন দলটি গতকালই তাঁদের জার্মানি সফর শেষ করে দেশে ফিরেছে। সফরকালে তাঁরা জার্মান সরকারের প্রতিনিধি, বুদ্ধিজীবী সহ উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করে সীমান্ত পারের সন্ত্রাসবাদ মোকাবিলায় ভারতের কৌশলের কথা তুলে ধরেন।

---------------------

সেবা, সুশাসন ও গরিব কল্যাণের নীতিকে ভিত্তি করে গত এক দশকে ভারত এক অসাধারণ রূপান্তরের মধ্য দিয়ে এগিয়েছে। আকাশবাণী সংবাদ-এর বিশেষ প্রতিবেদনের আজকের বিষয় আর্থিক সংস্কারের মাধ্যমে মধ্যবিত্তের ক্ষমতায়ন। আমাদের প্রতিনিধি অভিরুপ ভট্টাচার্যের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

সরকার নাগরিকের কথা শুনেছে, ব্যবস্থাকে সহজ করেছে এবং প্রতিশ্রুতি রক্ষা করেছে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন এনডিএ সরকারের ১১ বছরের উন্নয়নের খতিয়ান তুলে ধরতে রাজ্যের জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত প্রচারাভিযান চালানো হবে বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন।

---------------------

বিজেপি আগামী বিশে জুন পশ্চিমবঙ্গ দিবস পালন করবে। অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দলের পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, যদিও প্রধানমন্ত্রীর দপ্তর থেকে এখনো বিষয়টি চূড়ান্ত হয়নি। তৃণমূল কংগ্রেস সরকার পয়লা বৈশাখ রাজ্য দিবস হিসাবে পালন করছে। সেই বিষয়ে তাদের আপত্তি না থাকলেও বিশে জুন পশ্চিমবঙ্গ দিবস পালনের একটি ঐতিহাসিক গুরুত্ব রয়েছে বলে শ্রী মজুমদার উল্লেখ করেন।

---------------------

কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং নতুন বীজ সম্পর্কে চাষিদের অবহিত করার লক্ষ্যে দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যের বিভিন্ন জেলায় 'বিকশিত কৃষি সংকল্প অভিযান'-এর আওতায় সচেতনতা বৃদ্ধির কাজ চলেছে। CISH কৃষি বিজ্ঞান কেন্দ্র, গতকাল মালদার গাজোল ব্লকের আদিনা পঞ্চায়েতের গোয়ালপাড়া গ্রামে প্রশিক্ষণ ও পরামর্শমূলক কর্মসূচির আয়োজন করে।

---------------------

প্রধানমন্ত্রী সূর্য ঘর প্রকল্পে সৌর বিদ্যুৎ উৎপাদন করায় মেট্রো রেল বছরে ৪৯ লক্ষ টন কার্বন নির্গমন কমিয়েছে বলে জানিয়েছে। গতকাল এক বিবৃতিতে জানানো হয়েছে, সূর্যের আলো থেকে গত এপ্রিলে মেট্রো রেল ৪৭ হাজার ইউনিটেরও বেশি বিদ্যুৎ উৎপাদন করেছে। বর্তমানে মেট্রো রেল অচিরাচরিত শক্তি থেকে দৈনিক ১৬ হাজার ইউনিট বিদ্যুৎ উৎপাদন করলেও আগামীদিনে তাদের প্রস্তাবিত বিভিন্ন সৌর বিদ্যুৎ

প্রকল্পগুলি চালু হলে দৈনিক এক লক্ষ দশ হাজার ইউনিট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে বলে জানানো হয়েছে। ২০৩০ সালের মধ্যে কার্বন নির্গমের হার শূন্যে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

---------------------

'বাল্য বিবাহ মুক্ত ভারত' গঠনে সরকার প্রতিজ্ঞাবদ্ধ। এই নিয়ে স্পটলাইট-এ এবারের অনুষ্ঠান- **'বাল্য বিবাহ মুক্ত ভারত'**।

এতে অংশ নিয়েছেন হাওড়া জেলার শিশু কল্যাণ সমিতি CWC-র চেয়ারপারসন চন্দ্রিমা চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

**অনুষ্ঠানটির** দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে আটটায়, সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ কলকাতা-র সোশ্যাল মিডিয়ায়।

---------------------

তৃণমূল কংগ্রেস বাংলাদেশী ও রোহিঙ্গাদের অনুপ্রবেশ করিয়ে রাজ্যের জনবিন্যাস পাল্টে দিতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, অনুপ্রবেশকারীদের ভোটার লিস্টে নাম তোলা থেকে শুরু করে সরকারি চাকরিও দেওয়া হচ্ছে। তাই আগামী দিনে মানুষই সিদ্ধান্ত নেবেন এই দল ক্ষমতায় থাকবে কি না।

(বাইট-সুকান্ত)

এদিকে, নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রচারাভিযান জমে উঠেছে। তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ এবং বিজেপি প্রার্থী আশিষ ঘোষ বাড়ি বাড়ি প্রচার সারছেন।

বাম সমর্থত কংগ্রেস প্রার্থী কাবিল উদ্দিন শেখ গতকাল মাটিয়ারি ও গোবরা গ্রাম পঞ্চায়েত এলাকায় জনসংযোগ কর্মসূচিতে অংশ নেন। সঙ্গে ছিলেন কংগ্রেস ও বাম দলের কর্মী-সমর্থকরা। পলাশি বাজার, মীরা ১ নম্বর গ্রাম পঞ্চায়েত ও শেয়ালখোলা গ্রামেও প্রচার সারেন তিনি।

উল্লেখ্য, আগামী ১৯ শে জুন ঐ কেন্দ্রে ভোটগ্রহণ। গণনা ২৩ শে জুন।

---------------------

ন্যাশনাল টেস্টিং এজেন্সি- এনটিএ, ইউজিসি নেট পরীক্ষার নির্ঘণ্ট ঘোষণা করেছে। আগামী ২৫ থেকে ২৯ জুনের মধ্যেই নেওয়া হবে পরীক্ষা। প্রতিদিন দু'টি অর্ধে পরীক্ষার আয়োজন করা হবে। প্রথমার্ধের পরীক্ষা চলবে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। দ্বিতীয়ার্ধের পরীক্ষার সময় দুপুর ৩টে থেকে সন্ধে ৬টা পর্যন্ত। পরীক্ষার বিস্তারিত সূচি ugcnet.nta.ac.in - এই ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। পরীক্ষার্থীরা ০১১ ৪০৭৫ ৯০০০ নম্বরে ফোন করে অথবা ugcnet@nta.ac.in -এ ই-মেল করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন।

---------------------

কলকাতার স্ট্র্যান্ড ব্যাঙ্ক রোডে মদ্যপ ফুটপাতবাসীর ধারালো অস্ত্র নিয়ে পুলিশের ওপর চড়াও হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গুরুতর আহত অবস্থায় নর্থ পোর্ট থানার এএসআই পার্থ চাঁদ এবং কনস্টেবল সুখেন্দু মাঝি কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি। জানা গেছে, সুলতান নামে ওই ফুটপাতবাসী লোহার রড নিয়ে এলাকায় ঘোরাফেরা করছে দেখে অন্য এক কনস্টেবল তার হাত থেকে সেটি কেড়ে নেন। কিছুক্ষণ পর অভিযুক্ত ছুরি নিয়ে ওই দুই পুলিশ কর্মীর ওপর চড়াও হয়। পাল্টা প্রতিরোধে আহত হয়েছে সুলতানও।

---------------------

স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হওয়ায় দক্ষিণবঙ্গের কিছু জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়তে পারে। তবে অস্বস্তিকর গরম বজায় থাকবে এবং কলকাতা সহ আশাপাশের এলাকার তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে বলে আকাশবাণীকে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

(বাইট- সৌরিশ)

এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। দক্ষিণবঙ্গে এখনই দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু প্রবেশ করার কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছেন তিনি।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি।

--------------------- ---------------------